গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০৩৩.২৫.৩১৮

তারিখ : ৩০ আষাঢ় ১৪৩৩ / ১৪ জুলাই ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: তোহিদুল ইসলাম, বিপিএম-বার (বিপি-৮৫১৩১৬৬১৮৪), অতিরিক্ত পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ঢাকা হিসেবে কর্মকালীন গত ১০.০৯.২০২৪ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। পরবর্তীতে, তিনি রাজারবাগ পুলিশ হাসপাতালের ডাক্তার কর্তৃক অসুস্থতাজনিত সনদপত্রসহ ১০ (দশ) দিনের ছুটি চেয়ে গত ১০.০৯.২০২৪ তারিখে স্বাক্ষরিত একটি আবেদন প্রেরণ করেন। আবেদনটি গত ১৫.০৯.২০২৪ তারিখ ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্সে গৃহীত হয়। তাঁর মোবাইল ফোন নম্বরে যোগাযোগের চেষ্টা করেও তাঁর অবস্থান জানা সম্ভব হয়নি। এছাড়া, অভিযোগ অনুসন্ধানকালে সাক্ষ্য প্রদানের জন্য তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় সংশ্লিষ্ট থানার মাধ্যমে একাধিকবার নোটিশ প্রেরণ করা হলেও তিনি সাক্ষ্য প্রদানের জন্য হাজির হননি। তাঁর স্থায়ী ঠিকানায় নোটিশ জারীকালে তাঁর বড় ভাই জনাব মোহা: তৌফিকুল ইসলাম জানান যে তিনি গত ০৫.০৮.২০২৪ তারিখ হতে পরিবারের সাথে কোনো যোগাযোগ করেননি এবং অদ্যাবধি এলাকাতেও আসেননি। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে গত ১০.০৯.২০২৪ তারিখ হতে তাঁর কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতিকাল ৬০ (ষাট) দিনের অধিক অতিক্রান্ত হয়েছে। তাঁর এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) বিধি মোতাবেক "পলায়ন"-এর শামিল ও শাস্তিযোগ্য অপরাধ। সে পরিপ্রেক্ষিতে গত ০৩.০৭.২০২৫ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক "পলায়ন"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

০২। যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেননি এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক গত ১৫.০৯.২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ২৮.১২.২০২৫ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়। সে পরিপ্রেক্ষিতে, তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ২৫.০১.২০২৬ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব প্রদান করেননি; এবং

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়। সে পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক উক্ত গুরুদন্ড আরোপের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য গত ০৮.০৪.২০২৬ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে অনুরোধ জানানো হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গত ০৯.০৬.২০২৬ তারিখে তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড আরোপ করা যায় মর্মে পরামর্শ প্রদান করে; এবং

০৫। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৬) বিধি অনুযায়ী জনাব মো: তোহিদুল ইসলাম, বিপিএম-বার (বিপি-৮৫১৩১৬৬১৮৪), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ঢাকা-কে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড প্রদানের প্রস্তাব নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি গত ১২.০৭.২০২৬ তারিখে সানুগ্রহ অনুমোদন করেন;

০৬। সেহেতু, জনাব মো: তোহিদুল ইসলাম, বিপিএম-বার (বিপি-৮৫১৩১৬৬১৮৪), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন"-এর দায়ে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক গুরুদণ্ড হিসেবে তাঁকে **"চাকুরী হইতে বরখাস্ত"** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮/০৭/২৫

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০৩৩.২৫. ৬১৮

তারিখ : ৩০ আষাঢ় ১৪৩৩ / ১৪ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৪) মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৫) উপসচিব, পুলিশ-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৮) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০) জনাব মো: তোহিদুল ইসলাম, (বিপি-৮৫১৩১৬৬১৮৪), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ঢাকা (চাকুরী হইতে বরখাস্তকৃত)
১১) অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২) অফিস কপি/মাস্টার কপি।

১৪-৭-২০২৬

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব